# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


সংশোধিত

## ২০১৯ সালের জেএসসি পরীক্ষার Online ফরম পুরণ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৯/৩১০০(২৫) **তারিখ ঃ** ০৩/০৭/২০১৯ খ্রিঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর আওতাধীন মঞ্জুরিপ্রাপ্ত সকল বিদ্যালয় প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার online-এ ফরম পুরণ, ফি-এর হার ও ফি শিক্ষা বোর্ডে জমাদানের নিয়মাবলী এবং ফরমপুরণ সময়সূচি নিম্নরূপে নির্ধারণ করা হলো। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ প্রয়োজনে প্রকাশিত বিজ্ঞপ্তির যে কোন পরিবর্তন করতে পারবেন।

**বিশেষ জ্ঞাতব্য ঃ** বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যেই সকল প্রতিষ্ঠানকে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের ফরম পুরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন ক্রমেই কোন পরীক্ষার্থীকে ফরম পুরণের অনুমতি প্রদান করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সতর্ক থাকতে এবং ফরম পুরণের সময় শেষ হলে ফরম পুরণের জন্য আর কোন আবেদন শিক্ষা বোর্ডে প্রেরণ না করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **২০১৭ শিক্ষাবর্ষের এক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থী ৫০/- টাকা হারে (প্রতি পরীক্ষার্থী) সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিয়ে রেজিঃ নবায়ন করে ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় এক বিষয়ে পরীক্ষা দিতে পারবে।**

১। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ঃ** শিক্ষার্থীদের ফরম পুরণের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd) এর e-FF Link-এ আগামী **৩০/০৭/২০১৯** তারিখে প্রকাশ করা হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে ০২/০৮/২০১৯ থেকে ০৭/০৮/২০১৯ তারিখ পর্যন্ত বিলম্ব ফি ছাড়া একবার এবং ০৮/০৮/২০১৯ তারিখ থেকে ১০/০৮/২০১৯ তারিখ পর্যন্ত বিলম্ব ফিসহ একবার অর্থাৎ সর্বোচ্চ ০২ (দুই) বার Online-এ ফরমপুরণ (e-FF) সম্পন্ন করে Confirm করা যাবে। যারা বিলম্ব ফি-ছাড়া নির্ধারিত তারিখের মধ্যে ফরমপুরণ Confirm করতে পারবে না তারা শুধুমাত্র বিলম্ব ফিসহ নির্ধারিত তারিখের মধ্যে (অর্থাৎ-একবার) ফরমপুরণ Confirm করতে পারবেন।**

(ক) প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটের eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও JSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালির বলপেন দিয়ে টিক চিহ্ন প্রদানপূর্বক পরীক্ষার্থী বাছাই/Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত সম্ভাব্য তালিকায় (Probable List) Online এ সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বে ক্লিক করে ফরমপুরণ সম্পন্ন করতে হবে।

(গ) পরীক্ষার্থী সিলেক্ট করার পর প্রাপ্ত Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করতঃ প্রয়োজন হলে কোন পরীক্ষার্থী বাদ পরে থাকলে তাকে সংযুক্ত করা এবং বেশি হয়ে থাকলে তাকে বাদ দেয়া যাবে।

(ঘ) **একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিঃ নম্বর দিয়ে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।**

(ঙ) প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা হতে পরীক্ষার্থী নির্বাচন করার পর সঠিকভাবে যাচাই-বাছাই শেষে Confirm Button-এ ক্লিক করে ফরম পুরণ Confirm করতে হবে। ফরম পুরণ Confirm করা হলে Confirm Button-এর পার্শ্বে "Sonali Seba" Button পাওয়া যাবে। তারপর "Sonali Seba" Button-এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধানের নাম ও Mobile No. দিয়ে Save Button-এ Click করলে মোট ফি-এর পরিমাণ উল্লেখসহ সোনালী সেবা Payslip তৈরি হবে। উক্ত Payslip প্রিন্ট করে Payslip-এ উল্লিখিত ফি সোনালী ব্যাংকের নিকটতম শাখায় জমা দিয়ে প্রাপ্ত Payslip ভালোভাবে সংরক্ষণ করতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের ৪৮ ঘন্টা পর Final List প্রিন্ট করা যাবে। মনে রাখতে হবে Final List প্রিন্ট না করা পর্যন্ত কোন পরীক্ষার্থীর ফরমপুরণ সম্পন্ন হবে না। ০২ (দুই) কপি Final List প্রিন্ট করা সকল প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক।

(চ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) ব্যাংকে ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ঃ বিলম্ব ফি ছাড়া- ১৮/০৮/২০১৯ এবং বিলম্ব ফিসহ- ২০/০৮/২০১৯ তারিখ।

(জ) Final Candidate List প্রিন্ট করার শেষ তারিখ : বিলম্ব ফি ছাড়া- ২১/০৮/২০১৯ এবং বিলম্ব ফিসহ ২৩/০৮/২০১৯।

২। ক) প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত Final Candidate List Print Copy ও Sonali Seba Payslip তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে উত্তমরূপে সংরক্ষণ করবেন।

খ) প্রবেশপত্র বিতরণের সময়সূচি প্রকাশিত হলে কেন্দ্র সচিবগণ তাঁর কেন্দ্রের সকল প্রতিষ্ঠানের ফরমপুরণ ফি জমাদানের Sonali Seba Payslip-এর শিক্ষা বোর্ডের অংশ (মূল কপি) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সংগ্রহ করবেন। শিক্ষা বোর্ড হতে প্রবেশপত্র গ্রহণের দিন সংগৃহীত Sonali Seba Payslip সংশ্লিষ্ট ডিলিংস-এর নিকট জমা দিয়ে প্রবেশপত্র গ্রহণ করবেন।

৩। **পরীক্ষার ফি এর হার নিম্নরূপ ঃ**

ক) প্রতি পরীক্ষার্থী (জিপিএ উন্নয়নসহ) ঃ ১০০.০০ (একশত) টাকা

খ) কেন্দ্র ফি (প্রবেশপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবকে দিতে হবে) জন প্রতি ঃ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা

গ) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ঃ ২৫.০০ (পঁচিশ) টাকা

ঘ) রেজিস্ট্রেশন নবায়ন ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ ৫০.০০ (পঞ্চাশ) টাকা

৪। **পরীক্ষার মাধ্যম ঃ**

ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয় কোড, শিক্ষাবর্ষ ও ছাত্র সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকাসহ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী এর নিকট হাতে হাতে **২২/০৭/২০১৯** তারিখের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

| প্রতিষ্ঠান | বিষয় | বিষয় কোড | পরীক্ষার্থীর সংখ্যা | যোগাযোগের মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

৫। **পাঠ্যসূচি ঃ**

এনসিটিবি থেকে গেজেট আকারে প্রকাশিত ২০১৯ সালের অনুমোদিত বইসমূহ ৮ম শ্রেণীর পাঠ্য বই হিসেবে বিবেচিত হবে ।

৬। **ধারাবাহিক মূল্যায়ণ (CA Marks) ঃ**

২০১৯ সালের পরীক্ষার্থীদের কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ এবং ২০১৭ সালের পরীক্ষার্থীদের শারিরীক শিক্ষা, চারু ও কারুকলা, কর্ম ও জীবনমূখী শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি-এর নিদের্শনা অনুসারে ধারাবাহিক মূল্যায়ণের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থীদের রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpurboard.gov.bd-এর JSC CA Mark এই Option ব্যবহার করে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।

৭। **অনিয়মিত পরীক্ষার্থী ঃ**

ক) ২০১৮ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালে জেএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে ০১ থেকে ০৩ বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ইচ্ছে করলে ইতোপূর্বে অকৃতকার্য বিষয়গুলো অথবা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের প্রাপ্ত জিপিএ সংরক্ষিত আছে। ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি, পূর্বে উত্তীর্ণ বিষয়সমূহের সংরক্ষিত জিপির সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

৮। **জিপিএ উন্নয়ন ঃ**

শুধুমাত্র ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন না হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট ইস্যু করা হবে না।

৯। **রেজিস্ট্রেশন নবায়ন ঃ**

২০১৭ শিক্ষাবর্ষের (২০১৭ সালে রেজিস্ট্রেশনধারী) যে সকল পরীক্ষার্থী ২০১৭ অথবা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) বিষয়ে অনুত্তীর্ণ আছে এবং রেজিস্ট্রেশনের নির্ধারিত (০২ বছর) মেয়াদ শেষ হয়েছে সে সকল পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় শুধুমাত্র ০১ (এক) বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ ১৮/০৭/২০১৯। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ৫০/- (পঞ্চাশ) টাকা মাত্র। রেজিস্ট্রেশন নবায়ন ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। **২০১৭ সালের রেজি:ধারী (নবায়নকৃত) পরীক্ষার্থীদের রেজি:কার্ডে উল্লিখিত বাংলা ১ম, ২য় পত্র এবং ইংরেজি ১ম, ২য় পত্রের পরিবর্তে শুধুমাত্র বাংলা-১০১, ইংরেজি- ১০৭ আকারে বোর্ডের বিদ্যালয় শাখা হতে সংশোধন করে নিতে হবে।**

১০। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ঃ**

কোন অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী শিক্ষা বোর্ডের অনুমতি ছাড়া অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলির/যুক্তিসংগত কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে, শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের সকল প্রামাণ্য কাগজপত্র (সত্যায়িত ফটোকপি) এবং শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের কপি ও প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (সত্যায়িত ফটোকপি) প্রিন্ট আউটের সাথে জমা দিতে হবে।

**১১। পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহ ঃ**

২০১৯ সালের জেএসসি পরীক্ষায় শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে বিষয় পরিবর্তন না করে রেজি: কার্ড ও প্রবেশপত্র বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়েই তার ফল প্রকাশ করা হবে।

**১২। স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়োগ ঃ**

শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের ২০১৯ সালের ৭ম শ্রেণীর শিক্ষার্থীদের মধ্য থেকে স্ক্রাইব (শ্রুতি লেখক) নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতি লেখক) এর পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতিসহ আবেদনকারীর ০২ (দুই) কপি ও শ্রুতি লেখকের ২ (দুই)কপি সত্যায়িত ছবি এবং মোবাইল নম্বর সম্বলিত দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য সংশ্লিষ্ট পরীক্ষার প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ০৪/০৫ দিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। শ্রুতি লেখকের জন্য আবেদন করলে আবেদনের সাথে সমাজ সেবা অধিদপ্তরের অথবা সিভিল সার্জনের সার্টিফিকেট-এর মূল কপি এবং ফটোকপি আনতে হবে। এ ধরনের পরীক্ষার্থীদের অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বৃদ্ধি করা যাবে। এ ধরণের পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ- ২৯/০৯/২০১৫ এর নির্দেশনা অনুযায়ী প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপাল্সি) শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণে সুবিধার জন্য শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয় বিধায় তাদের বিশেষ ব্যবস্থাপনায় পরীক্ষা প্রদানের সুযোগ দিতে হবে। এরূপ পরীক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষক/অভিভাবক/সাহায্যকারী পরীক্ষার্থীর সঙ্গে থাকতে পারবে। এ ধরণের পরীক্ষার্থীর সাধারণ পরীক্ষার্থীর তুলনায় ৩০ (ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে। যে কেন্দ্রে এ ধরণের পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ ধরণের পরীক্ষার্থীর অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা নিয়ন্ত্রক, দিনাজপুর শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। আবেদনের সাথে সমাজ সেবা অধিদপ্তরের অথবা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত অটিজম/ডাউন সিনড্রোম/সেরিব্রালপাল্সি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি করে মোট ০৪ কপি ছবি জমা দিতে হবে।

১৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৯ সালের জেএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩/০৭/২০১৯


**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)
ই-মেইলঃ dinajpureducationboard@gmail.com


**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৯/৩১০০(২৫) **তারিখ ঃ** ০৩/০৭/২০১৯ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
০৬। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৮। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র। **(তাঁর আওতাধীন সকল প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি প্রসঙ্গ অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)**
০৯। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১১। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
১২। নোটিশ বোর্ড।
১৩। Website Copy।
১৪। সংরক্ষণ নথি।


**মোঃ রেজাউল করিম চৌধুরী**
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন ঃ ০৫৩১-৫১৯৭২ (অফিস)